গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পত্নীতলা, নওগাঁ
www.patnitola.naogaon.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৬৪৭৫.০০০.০৬.০০২.২০২৪-৫৫ | তারিখ ঃ ১৮/০১/২০২৪ খ্রি।

## পত্নীতলা উপজেলাধীন হাট-বাজারসমূহের ১৪৩১ বাংলা সনের ইজারা বিজ্ঞপ্তি ঃ

### বিজ্ঞপ্তি নং-০১ (১ম হতে ৬ষ্ঠ পর্যায় পর্যন্ত)

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পত্নীতলা উপজেলাধীন নিম্ন তফশীল বর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের ০১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত (প্রতিটি হাটের জন্য পৃথক পৃথক ভাবে) দরপত্র আহ্বান করা যাচ্ছে। শর্ত সম্বলিত দরপত্র ফরম তফশীল বর্ণিত তারিখ অনুযায়ী অফিস চলাকালীন সময়ে (সরকারি ছুটির দিন ব্যতীত) জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ, উপজেলা ভূমি অফিস, পত্নীতলা, সোনালী ব্যাংক, পত্নীতলা শাখা ও পত্নীতলা থানাসহ (পুলিশ স্টেশন) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।

দরপত্রসমূহ তফশীলে বর্ণিত তারিখ সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত জেলা প্রশাসক, নওগাঁ, উপজেলা ভূমি অফিস, পত্নীতলা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা ৩.৩০ টায় উপস্থিত দর দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। বিস্তারিত জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

বাংলা ১৪৩১ সনের হাট-বাজার ইজারা সংক্রান্ত তপশীল ঃ

| ক্র: নং | হাট-বাজারের নাম | অবস্থান (ইউপির নাম) | ১৪৩১ সনের সরকারি কাংখিত মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | পত্নীতল হাট | পত্নীতলা | ২২০৬০০/- | ১২০০/- |
| ০২ | কাঁটাবাড়ী হাট | ঐ | ১৬৭৭০০/- | ১০০০/- |
| ০৩ | মহেশপুর হাট | ঐ | ১৯৯০০/- | ৫০০/- |
| ০৪ | বামইল হাট | ঐ | ৭৮০০/- | ৫০০/- |
| ০৫ | নাথুর হাট | নির্মইল | ২৬৪০০/- | ৫০০/- |
| ০৬ | বাঁকরইল | দিবর | ৮৭৫০০/- | ৫০০/- |
| ০৭ | উত্তররামপুর | দিবর | ৪০০/- | ৫০০/- |
| ০৮ | মধইল হাট ও দৈনিক বাজার | আকবরপুর | ১০৯৯১২০০/- | ২২৬০০/- |
| ০৯ | মান্দাইন হাট | ঐ | ২৬৭০০/- | ৫০০/- |
| ১০ | উষ্টি হাট | ঐ | ৫৮০০/- | ৫০০/- |
| ১১ | শিবপুর হাট ও দৈনিক বাজার | মাটিন্দর | ১৪৪০২০০/- | ৩৬০০/- |
| ১২ | শিবদিঘী হাট | ঐ | ৩০০০/- | ৫০০/- |
| ১৩ | কুটইল হাট | কৃষ্ণপুর | ৬৩৪০০/- | ৫০০/- |
| ১৪ | পানিওড়া হাট | ঐ | ৫০০/- | ৫০০/- |
| ১৫ | চকগোরিন্দ হাট | ঐ | ৩৬৫০০/- | ৫০০/- |
| ১৬ | আমবাটী হাট | পাটিচরা | ১২৫৫০০/- | ১০০০/- |
| ১৭ | কাশিপুরহাট | ঐ | ৬০০/- | ৫০০/- |
| ১৮ | গগনপুর হাট | ঘোষনগর | ১১৭১০০/- | ১০০০/- |
| ১৯ | শিমুলিয়া হাট | আমাইড় | ২১২০০/- | ৫০০/- |
| ২০ | আমাইড় হাট | ঐ | ৩৭০০/- | ৫০০/- |
| ২১ | ত্রিমোহনী | ঐ | ২৭৬০০/- | ৫০০/- |
| ২২ | নান্দাস হাট | ঐ | ৮০০০/- | ৫০০/- |
| ২৩ | ডাসনগর হাট | ঐ | ২৩০০/- | ৫০০/- |
| ২৪ | কুন্দন হাট | ঐ | ১০৯০০/- | ৫০০/- |
| ২৫ | কাষ্টবাই হাট ও দৈনিক বাজার | শিহাড়া | ১৬৩০০০/- | ১০০০/- |
| ২৬ | শীতল হাট | ঐ | ৩৭৯০০/- | ৫০০/- |
| ২৭ | আমন্ত হাট | ঐ | ৭৬০০/- | ৫০০/- |

চলমান পাতা/০২

## ঃ দরপত্র বিক্রয়, গ্রহণ ও খোলার তারিখ ঃ

| ক্র:নং | পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ০১ | ১ম পর্যায় | ১৯/০২/২০২৪ খ্রিঃ বিকেল ৫.০০ টা | ২০/০২/২০২৪ খ্রিঃ দুপুর ১.০০ টা | ২০/০২/২০২৪ খ্রিঃ বিকেল ৩.৩০ টা |
| ০২ | ২য় পর্যায় | ০৫/০৩/২০২৪ খ্রিঃ বিকেল ৫.০০ টা | ০৬/০৩/২০২৪ খ্রিঃ দুপুর ১.০০ টা | ০৬/০৩/২০২৪ খ্রিঃ বিকেল ৩.৩০ টা |
| ০৩ | ৩য় পর্যায় | ১৯/০৩/২০২৪ খ্রিঃ বিকেল ৫.০০ টা | ২০/০৩/২০২৪ খ্রিঃ দুপুর ১.০০ টা | ২০/০৩/২০২৪ খ্রিঃ বিকেল ৩.৩০ টা |
| ০৪ | ৪র্থ পর্যায় | ০২/০৪/২০২৪ খ্রিঃ বিকেল ৫.০০ টা | ০৩/০৪/২০২৪ খ্রিঃ দুপুর ১.০০ টা | ০৩/০৪/২০২৪ খ্রিঃ বিকেল ৩.৩০ টা |
| ০৫ | ৫ম পর্যায় | ২৩/০৪/২০২৪ খ্রিঃ বিকেল ৫.০০ টা | ২৪/০৪/২০২৪ খ্রিঃ দুপুর ১.০০ টা | ২৪/০৪/২০২৪ খ্রিঃ বিকেল ৩.৩০ টা |
| ০৬ | ৬ষ্ঠ পর্যায় | ২৯/০৪/২০২৪ খ্রিঃ বিকেল ৫.০০ টা | ৩০/০৪/২০২৪ খ্রিঃ দুপুর ১.০০ টা | ৩০/০৪/২০২৪ খ্রিঃ বিকেল ৩.৩০ টা |

০১। দরপত্র দাতাকে দরপত্রে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফটের (উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা, নওগাঁ এর অনুকূলে) মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। সফল দরপত্র দাতার জমাকৃত উক্ত অর্থ হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে ব্যয় মিটানো হবে। বছর সমাপনান্তে জামানতের টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

০২। উল্লেখ্য যে, ১ম পর্যায়ের দরপত্রে যদি কোন হাট-বাজারের দাখিলকৃত দরপত্র অনুমোদিত হয় তা হলে ২য় পর্যায়ের দরপত্রে (পুনঃ দরপত্র অনুষ্ঠান) ঐ হাট-বাজারটির নাম বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে এবং অনুরুপভাবে ৬ষ্ঠ পর্যায় পর্যন্ত একই রুপে চলবে। দরপত্র সংক্রান্ত শর্তাবলী ও অন্যান্য বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পত্নীতলা, নওগাঁ হতে জানা যাবে।

০৩। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে অনিবার্য কারণ বশতঃ সরকারি ছুটি ঘোষিত হলে পরবর্তী কার্যদিবসে দরপত্র দাখিল করতে হবে।

টুকটুক তালুকদার
উপজেলা নির্বাহী অফিসার
পত্নীতলা, নওগাঁ।
টেলিফোন : ০২৫৮৮৮৭৯৯০০
e-mail:unopatnitola@mopa.gov.bd

শর্তাবলী ঃ

০১। বাংলা ১৪৩১ সনের ০১লা বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০শে চৈত্র ০১(এক) বছর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তপশীলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা, নওগাঁ এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাঁকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা, নওগাঁ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে এবং দরপত্রে উদ্ধৃত ইজারা মূল্যের অতিরিক্ত ১০% আয়কর ১/১১৪১/০০৬০/০১১১ নং কোডে ও ১৫% ভ্যাট ১/১১৩৩/০০২০/০৩১১ নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে চালানের মূল কপিসহ একই সঙ্গে এ অফিসে জমা দিয়ে অর্থ জমার রশিদ গ্রহন করতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিলপূর্বক জামানত বাজেয়াপ্ত করা হবে এবং সংশ্লিষ্ট হাট-বাজারটি পুনঃ ইজারা দেয়া হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের চেয়ে কম হয় তা হলে পূনরায় দরপত্র আহ্বান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট-বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাঁকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। প্রয়োজনে হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

টুকটুক তালুকদার
উপজেলা নির্বাহী অফিসার
পত্নীতলা, নওগাঁ।
টেলিফোন : ০২৫৮৮৮৭৭৯০০
e-mail:unopatnitola@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পত্নীতলা, নওগাঁ
www.patnitola.naogaon.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৬৪৭৫.০০০.০৬.০০২.২০২৪-৫৮৫ তারিখ ঃ ১৮/০১/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ৪৭, নওগাঁ-০২।
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। জেলা প্রশাসক, নওগাঁ।
০৫। পুলিশ সুপার, নওগাঁ।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ।
০৭। উপপরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।
০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ।
০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পত্নীতলা, নওগাঁ।

অনুলিপি অবগতি/অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো।

১০। মেয়র, নজিপুর পৌরসভা, পত্নীতলা, নওগাঁ।
১১। উপজেলা নির্বাহী অফিসার.................................................(সকল), নওগাঁ।
১২। সহকারী কমিশনার (ভূমি), পত্নীতলা, নওগাঁ। তাকে তার অধিনস্থ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা দ্বারা এই নোটিশ জারী করে দরপত্র দাখিলের ধার্য তাখের পূবেই জারীর প্রতিবেদন এ অফিসে ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১৩। জেলা তথ্য অফিসার, নওগাঁ।
১৪। এ, জি, এম সোনালী ব্যাংক, নওগাঁ।
১৫। উপজেলা.......................................................................অফিসার, পত্নীতলা, নওগাঁ।
১৬। অফিসার ইনচার্জ, পত্নীতলা থানা, নওগাঁ।
১৭। সাব-রেজিস্টার, পত্নীতলা, নওগাঁ।
১৮। পোস্ট মাষ্টার, পত্নীতলা, নওগাঁ।
১৯। সহকারী প্রেগ্রামার, পত্নীতলা, নওগাঁ। তাকে বিজ্ঞপ্তিটি নিম্নস্বাক্ষরকারীর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২০। চেয়ারম্যান,..............................................ইউপি (সকল), পত্নীতলা, নওগাঁ। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর ইউ,পির অন্তর্গত হাট-বাজারসমূহে ঢোল শহরতের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
২১। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, পত্নীতলা, নওগাঁ।
২২। ম্যানেজার, সোনালী ব্যাংক, পত্নীতলা শাখা, নওগাঁ।
২৩। বিজ্ঞাপন ম্যানেজার,.......................................................................................পত্রিকা। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার স্বল্প পরিসরে ০১(এক) দিনের জন্য প্রচার করে তার ০২ (দুই) কপি পেপার কাটিংসহ বিল দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।
২৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.......................................................................ইউনিয়ন ভূমি অফিস (সকল), পত্নীতলা, নওগাঁ। তাকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচার অন্তে জারির কপি দরপত্র গ্রহণের পূর্বেই (জারির প্রতিবেদন) এ কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো।
২৫। জনাব..............................................................................প্রাক্তন ইজারাদার/বর্তমান ইজারাদার.................. হাট-বাজার, পত্নীতলা, নওগাঁ। তাকে হাটে ঢোল শহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ করা হলো।
২৬। জনাব.........................................................................................................................................
২৭। নোটিশ বোর্ড ....................................................................... (সকল), পত্নীতলা, নওগাঁ।

টুকটুক তালুকদার
উপজেলা নির্বাহী অফিসার
পত্নীতলা, নওগাঁ।
টেলিফোন : ০২৫৮৮৮৭৭৯০০
e-mail:unopatnitola@mopa.gov.bd